

PRINT

সমকালে

স্বরূপকাঠিতে তিনি শিক্ষককে সম্মাননা

১১ ঘন্টা আগে

স্বরূপকাঠি (পিরোজপুর) প্রতিনিধি

স্বরূপকাঠিতে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে তিনি গুণী শিক্ষককে শিক্ষাবিদ মো. হাবীবুল্লাহ স্মৃতি পদক দেওয়া হয়েছে। গতকাল শনিবার সকালে উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি মিলনায়তনে শিক্ষক সমিতি পূর্বাঞ্চল শাখা ও অরণ্য পাঠ্যগারের পক্ষ থেকে এক সভা হয়। পদক পাওয়া শিক্ষকরা হলেন- সাবেক সাংসদ অধ্যক্ষ শাহ আলম, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সতীন্দ্র নাথ মণ্ডল ও অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মুহাম্মদ হাবীবুর রহমান। এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আব্দুল হক। শিক্ষক সমিতির সভাপতি শংকর কুমার বড়ালের সভাপতিত্বে সহকারী কমিশনার (ভূমি) মেহেদী হাসান এর উদ্বোধন করেন। এ সময় বক্তব্য দেন জেলা শিক্ষক সমিতির সভাপতি সুখরঞ্জন বেপারী, জেলা শিক্ষক সমিতির সম্পাদক নজরুল ইসলাম মৃধা প্রমুখ।

© সমকাল 2005 - 2019

তারপ্রাপ্ত সম্পাদক : মুন্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল :
ad.samakalonline@outlook.com

